# তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নং ঃ ০২/২০১৪**

**অভিযোগকারী ঃ জনাব গোলাম মোস্তফা জীবন**
পিতা-গাজী মোঃ ময়েজ উদ্দিন সরকার
রেলওয়ে কলোনী
(মার্কাজ মসজিদ সংলগ্ন)
সিরাজগঞ্জ।

**প্রতিপক্ষ ঃ জনাব মোঃ সুজাউদ্দৌলা**
সহকারী কমিশনার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।

## সিদ্ধান্তপত্র।

**(তারিখ ঃ ২৭-০১-২০১৪ ইং)**

অভিযোগকারী জনাব গোলাম মোস্তফা জীবন ২৬-০৮-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে সিরাজগঞ্জ জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সুপ্রিয়া চৌধুরী বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

**ক) সিরাজগঞ্জ সদর উপজেলার সয়দাবাদ এলাকায় নির্মানাধীন শিল্প পার্কের জন্য অধিগ্রহণকৃত জমির বিপরীতে ক্ষতিপূরণ প্রদাণ সংক্রান্ত আবেদনপত্র কবে থেকে গ্রহণ করা শুরু হয়েছে; নাম, ঠিকানা ও মোবাইল নম্বরসহ আবেদনকারীদের তালিকা এবং আবেদনের ফটোকপি চাই।**

**খ) উপরিউক্ত আবেদনের প্রেক্ষিতে কবে থেকে ক্ষতিপূরণের অর্থ প্রদাণ শুরু হয়েছে এবং এ পর্যন্ত যে সকল আবেদনকারীকে নগদ বা চেকের মাধ্যমে অর্থ প্রদান করা হয়েছে, তাদের নাম, ঠিকানা, প্রদানকৃত অর্থের পরিমান ও প্রদানের তারিখসহ তাদের তালিকা পেতে চাই।**

**গ) (ক)-এ উল্লেখিত আবেদনের প্রেক্ষিতে কতগুলো আবেদন বাতির বলে গণ্য করা হয়েছে এবং বাতিলের কারণসহ বাতিলকৃত আবেদনের কপি পেতে চাই।**

**ঘ) আবেদনকৃত ব্যক্তিদের নগদ টাকা বা চেক কোন পদ্ধতিতে প্রদান করা হয়েছে, তা জানতে চাই।**

**ঙ) যে সব আবেদন বাতিল বলে গণ্য হয়েছে, তারা পুনরায় আবেদন করতে পারবে কিনা এবং গৃহীত আবেদনগুলোর মধ্যে থেকে আরো কতজন আবেদনকারীকে ক্ষতিপূরণ প্রদান করা হবে, অর্থের পরিমানসহ তাদের নামের তালিকা।**

**চ) ক্ষতিপূরণ বাবদ মোট বরাদ্দের পরিমাণ এবং ক্ষতিপূরণ প্রদান কাজের মেয়াদ সংক্রান্ত তথ্য জানতে চাই।**

**একই সাথে আবেদনকারী অফিসে গিয়ে ফাইল দেখতে চেয়ে আবেদন করেন।**

০২। উক্ত আবেদনের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ১৫-০৯-২০১৩ তারিখে ০৫.৫০.৮৮০০.০১৫. ৩১.০০৫.১৩-৮৮ নং স্মারকে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করেন। সরবরাহকৃত তথ্যে সন্তুষ্ট হতে না পারায় অভিযোগকারী ৩০-০৯-২০১৩ তারিখে রাজশাহী বিভাগের বিভাগীয় কমিশনার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) জনাব হেলাল উদ্দিন আহমেদ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পর ২৪-১১-২০১৩ তারিখে ০৫.৫০.৮৮০০.০১৫.০২.০০৫. ১৩-১১৮ নং স্মারকে সিরাজগঞ্জ জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ সুজাউদ্দৌলা অভিযোগকারীকে পুনরায় তথ্য সরবরাহ করেন। সরবরাহকৃত তথ্যে অভিযোগকারী সন্তুষ্ট হতে না পারায় ১৮-১২-২০১৩ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৯-০১-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৭-০১-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অঃ পৃঃ দ্রঃ)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব গোলাম মোস্তফা জীবন; প্রতিপক্ষ, সিরাজগঞ্জ জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ সুজাউদ্দৌলা এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভূমি হুকুম দখল শাখা এবং সহকারী কমিশনার জনাব মিল্টন চন্দ্র রায় হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর সরবরাহকৃত তথ্যে অসন্তুষ্ট হয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর আপীল কর্তৃপক্ষ (আরটিআই) এর নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সে তথ্য সরবরাহ করেন। প্রাপ্ত তথ্যে তিনি অসন্তুষ্ট হয়ে কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। সিরাজগঞ্জ জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে জানান, তিনি তথ্য সরবরাহের জন্য এল এ শাখায় পত্র প্রেরণ করেন। সংশ্লিষ্ট শাখা হতে তথ্য সংগ্রহ করে অভিযোগকারীকে সরবরাহ করা হয়েছে। প্রার্থীত তথ্যাদির মধ্যে ক্রমিক 'ক' এ উল্লিখিত অধিগ্রহণকৃত জমির ব্যক্তির নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর, আবেদনকারীদের তালিকা ও আবেদনের ফটোকপি এবং ক্রমিক 'খ' এ উল্লিখিত যে সকল আবেদনকারীকে নগদ বা চেকের মাধ্যমে অর্থ প্রদান করা হয়েছে তাদের নাম, ঠিকানা, প্রদানকৃত অর্থের পরিমাণ ও প্রদানের তারিখসহ তাদের তালিকা; ব্যক্তিগত তথ্য। ব্যক্তিগত তথ্য বিধায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ এর 'ছ' 'জ" এবং 'ঝ' উপধারা অনুযায়ী সরবরাহ করা হয়নি।

০৬। অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদির মধ্যে ক্রমিক 'ক' ও 'খ' এ উল্লিখিত তথ্যাদি ব্যক্তিগত তথ্য নয় কিন্তু মোবাইল নম্বর ব্যক্তিগত তথ্য। মোবাইল নম্বর ব্যতীত সকল তথ্য সরবরাহ করা যেতে পারে মর্মে কমিশন মতামত প্রদান করেন।

## পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে, দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক সংশ্লিষ্ট শাখা হতে তথ্য সংগ্রহ করে অভিযোগকারীকে সরবরাহ করা হয়েছে। অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদির মধ্যে ক্রমিক 'ক' ও 'খ' এ উল্লিখিত তথ্যাদি ব্যক্তিগত তথ্য নয় কিন্তু মোবাইল নম্বর ব্যক্তিগত তথ্য। মোবাইল নম্বর ব্যতীত সকল তথ্য সরবরাহ করা যাবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে গণ্য করা যায়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০৪-০২-২০১৪ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার জন্য সিরাজগঞ্জ জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

| | | |
|---|---|---|
| **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** |
| **(অধ্যাপক ড. সাদেকা হালিম)** | **(মোহাম্মদ আবু তাহের)** | **(মোহাম্মদ ফারুক)** |
| তথ্য কমিশনার | তথ্য কমিশনার | প্রধান তথ্য কমিশনার |

[মিজান]